



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে 'জিপিএইচ ইম্পাত-প্রথম আলো ইন-জিনিয়াস' প্রতিযোগিতার অ্যাকাটিভেশন পর্বে অতিথিদের সঙ্গে শিক্ষার্থীরা। প্রথম আলো



## দুই বিশ্ববিদ্যালয়ে 'ইন-জিনিয়াস প্রতিযোগিতার' অ্যাকাটিভেশন

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

পুরকৌশল বিভাগের শিক্ষার্থীদের স্বীকৃতিস্বরূপ ইঞ্জিনিয়ারিংয়ের দক্ষতা বাড়াতে দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত হচ্ছে 'জিপিএইচ ইম্পাত-প্রথম আলো ইন-জিনিয়াস' প্রতিযোগিতা। এ উপলক্ষে গতকাল সোমবার দুপুরে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস) আর বিকেলে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের শিক্ষার্থীদের নিয়ে অ্যাকাটিভেশন পর্ব অনুষ্ঠিত হয়।

প্রথম আলো ও জিপিএইচ ইম্পাত যৌথভাবে এই প্রতিযোগিতার আয়োজন করছে। এ আয়োজনের একাডেমিক পার্টনার ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক।

দুটি অনুষ্ঠানেই প্রয়াত জাতীয় অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীকে স্মরণ করে তাঁর ওপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র দেখানো হয়। পরে ইন-জিনিয়াস প্রতিযোগিতার একাডেমিক সমন্বয়ক প্রকৌশলী আশরাফুল আল শাকুর প্রতিযোগিতায় অংশগ্রহণের বিস্তারিত নিয়মাবলি তুলে ধরেন।

বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে আয়োজিত অনুষ্ঠানে ইউআইটিএসের উপাচার্য মো. আবু হাসান উইয়া বলেন, এই প্রতিযোগিতা শিক্ষার্থীদের সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে। দেশের প্রতিভাশালী প্রকৌশলীদের সঙ্গে যোগাযোগ তৈরি করতে। তাঁদের বাস্তব অভিজ্ঞতার সঙ্গে পরিচিত হতে এ ধরনের আয়োজনের কোনো বিকল্প নেই।

এ সময় উপস্থিত ছিলেন ইউআইটিএসের



ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসে আয়োজিত অ্যাকাটিভেশন পর্বে বক্তব্য দেন উপাচার্য মো. আবু হাসান উইয়া। ছবি: প্রথম আলো

রেজিস্ট্রার মোহাম্মদ কামরুল হাসান, পুরকৌশল বিভাগের প্রধান ও সহযোগী অধ্যাপক নূর মোহাম্মদ সুমন, ছাত্রকল্যাণ উপদেষ্টা মো. তারিকুল ইসলাম, প্রথম আলো যুব কার্যক্রম বিভাগের সহকারী ব্যবস্থাপক বায়েজিদ উইয়া প্রমুখ।

'হাতে-কলমে দক্ষতা অর্জনের সুযোগ'

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব সিভিল অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিংয়ের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ নাজমুল ইসলাম বলেন, এই আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীরা হাতে-কলমে কাজ করার বিষয়ে দক্ষতা অর্জন করতে পারবে। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন একই বিভাগের অধ্যাপক জাভেদ বারী ও প্রথম আলোর ডিজিটাল ট্রান্সফরমেশন ও যুব কার্যক্রমের প্রধান সমন্বয়ক মুনীর হাসান।

আয়োজকেরা জানান, এই প্রতিযোগিতায় পুরকৌশল বিভাগের তৃতীয়, চতুর্থ এবং সদ্য স্নাতক শিক্ষার্থীরা অংশ নিতে পারবেন। নিবন্ধন করতে লগইন করতে হবে [www.prothomalo.com/genius](http://www.prothomalo.com/genius) এই ঠিকানায়।